আলমডাঙ্গায় মেয়াদোত্তীর্ণ ওষুধ বিক্রি, ২ ফার্মেসীর জরিমানা

আলমডাঙ্গা মেয়াদোত্তীর্ণ ও ফিজিশিয়ান স্যাম্পুল ওষুধ বিক্রি করায় দুই ফার্মেসীকে ২৫ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর। আজ বুধবার দুপুর ১২ টার দিকে উপজেলার জামজামি বাজার এলাকায় এ অভিযান চালানো হয়। জাতীয় ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ এ অভিযানের নেতৃত্ব দেন।

তিনি জানান, আজ বুধবার দুপুরে জামজামি বাজার এলাকার ফার্মেসিগুলোতে অভিযান চালানো হয়। এ সময় মেয়াদোত্তীর্ণ ও ফিজিশিয়ান স্যাম্পুল ওষুধ বিক্রি করায় মেসার্স মালিতা ফার্মেসিতে ১০ হাজার ও মেসার্স আল্লারদান ফার্মেসীতে ১৫ হাজার টাকা করে মোট ২৫ হাজার টাকা জরিমানা করা হয়।

জাতীয় ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ বলেন, ‘ জামজামি বাজারে এ দুটি ফার্মেসী মেয়াদোত্তীর্ণ ও ফিজিশিয়ান স্যাম্পুল ওষুধ বিক্রি করে আসছিল। এজন্য তাদের অর্থদণ্ড করা হয়েছে। এছাড়া মেয়াদ উত্তীর্ণ ওষধ গুলো জব্দ করে আগুনে পুড়িয়ে ফেলা হয়। জনস্বার্থে এ ধরণের অভিযান অব্যাহত থাকবে’। আইনশৃঙ্খলা রক্ষায় আলমডাঙ্গা থানা পুলিশের একটি দল অভিযানে সহযোগিতা করে বলেও জানান ভোক্তা অধিকারের এ কর্মকর্তা।